দৈনিক বাংলা

তারিখ ... 4।5।79 ... ...
পৃষ্ঠা... ... ... কলাম ... ... ...

130

# আজমীর শরীফে গমনেচ্ছুদের জ্ঞাতব্য

চলতি মে মাসের শেষ সপ্তাহে ভারতের আজমীর শরীফে হজরত খাজা মঈনুদ্দিন চিশতীর (রাঃ) বার্ষিক ওরস অনুষ্ঠিত হবে। ওরসের সময় হজরতের পবিত্র মাজার জিয়ারতের জন্য বাংলাদেশ থেকে প্রায় দুশ' জন মুসল্লীর একটি দলকে সেখানে যাওয়ার অনুমতি দেয়ার সম্ভাবনা রয়েছে বলে বৃহস্পতিবার এক সরকারী হ্যান্ড আউটে জানা গেছে।

যাঁরা এই দলের অন্তর্ভুক্ত হতে চান, তাঁদের প্রতি আগামী ১১ই মের মধ্যে নিম্নলিখিত তথ্যাদি পূরণ করে কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা বরাবরে আবেদন করতে পরামর্শ দেয়া হয়েছে:

(ক) নাম, (খ) পিতার নাম, (গ) জন্ম তারিখ, (ঘ) জাতীয়তা (ঙ) বর্তমান ও স্থায়ী ঠিকানা, (চ) পেশা, (ছ) এর আগে ৩ বছরের মধ্যে সেখানে যেয়ে থাকলে তার তারিখ।